# পরিচালকের কার্যালয়
## ছাত্র পরামর্শ ও নির্দেশনা
গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Web: gstu.edu.bd; e-mail: director.sad@gstu.edu.bd


স্মারক নং- গোবিপ্রবি/ছা.প.নি/বি.নো/২০২৬/৪৫/৩৬

তারিখ ঃ ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "পরিজন ফাউন্ডেশন" কর্তৃক উপবৃত্তির জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। আগ্রহীদের নিম্নে বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলি পূরণ করে আবেদন করার জন্য বলা হচ্ছে:

**আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:**

* সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল ও প্রখর মেধাবী শিক্ষার্থী হতে হবে।
* শিক্ষার্থীকে কোনো ধরনের রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত থাকা যাবে না।
* অসত্য বা কাল্পনিক তথ্য প্রদান করা সম্পূর্ণ নিষেধ। তথ্যে কোনো অসঙ্গতি পাওয়া গেলে আবেদন বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**আবেদনপত্রের সাথে যা যা জমা দিতে হবে:**

১. সত্যায়িত SSC ও HSC-এর মার্কশীট।

২. ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি।

৩. নিজ WhatsApp নম্বর ও অভিভাবকের মোবাইল নম্বর।

৪. পারিবারিক আর্থিক অবস্থা উল্লেখ করে হাতে লেখা ০১ বা একাধিক পৃষ্ঠার আবেদনপত্র।

৫. বিভাগীয় প্রধানের সত্যায়িত প্রত্যয়ন/সুপারিশপত্র (যেখানে পরিবারের সকল আয়ের উৎস বিস্তারিত উল্লেখ থাকবে)।

৬. আবেদনপত্রের সাথে নিজ হাতে নিম্নোক্ত ঘোষণাটি লিখে স্বাক্ষর করতে হবে:

> "আমি ঘোষণা করছি যে, আমার আর্থিক পরিস্থিতি সম্পর্কে আমি সম্পূর্ণ সঠিক ও সত্য তথ্য প্রদান করেছি। আমি শুধুমাত্র সত্য লিখেছি; কোনো মিথ্যা তথ্য বা গল্প তৈরি করিনি এবং কোনো প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ তথ্য গোপন করিনি। আমি স্বীকার করছি যে, পরিজন আমার আবেদনে কোনো অসঙ্গতি বা ভুল তথ্য শনাক্ত হলে তা সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানকে জানানোর অধিকার সংরক্ষণ করে।"

**আবেদন পাঠানোর ঠিকানা:**

প্রয়োজনীয় কাগজপত্র ডাকযোগে বা কুরিয়ারে নিম্নোক্ত ঠিকানায় পাঠাতে হবে:

পরিচালক, পরিজন

কানিশাইল ভিলা, বাসা নং-১৩, রোড নং-৮, ব-ক-এ, শাহজালাল উপশহর, সিলেট-৩১০০।

যোগাযোগ (WhatsApp / Mobile): ০১৮১৬৩৯-৭৫৫৫/০১৮৯৪৭৬-৩৯৮৯

ভাইস চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,

(গাজী মোহাম্মদ মাহবুব)
পরিচালক
ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর

স্মারক নং- গোবিপ্রবি/ছা.প.নি/বি.নো/২০২৬/৪৫/৩৬

তারিখ ঃ ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ**

১। সভাপতি, সকল বিভাগ/প্রভোস্ট সকল হল, গোবিপ্রবি

২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, গোবিপ্রবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৩। পিএস টু ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)

৪। পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)

৫। অফিস নথি

(শরীফ শরীফুল)
সহকারী পরিচালক (স্টুডেন্ট ওয়েলফেয়ার)
ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তর

CamScanner

# পরিজন [প্রাতিস্বিক সংস্থাপন] উপবৃত্তি

## আর্থিক-নিঃস্ব এবং মেধাবী শিক্ষার্থীদের জন্য অপূর্ব সুযোগ

**অক্টোবরের মধ্যে প্রাপ্ত প্রকৃত আবেদনকারীরা জানুয়ারি/ফেব্রুয়ারিতে সাক্ষাৎকার পেতে পারেন**

এ প্লাস *বা কাছাকাছি যে কিছু পরিস্থিতিতে ঘাটতি বিবেচনা করা যেতে পারে* এবং সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত**,** কিন্তু কঠোর প্ররিশ্রম করা সত্ত্বেও অর্থাভাবে লেখাপড়া চালাতে অক্ষম**,** **শুধুমাত্র এই ধরণের নিঃস্ব *এবং* মেধাবী শিক্ষার্থীরা যারা নিচের শর্তগুলো পুরণ করবেন,** তারা পাঠাবেন

- সত্যায়িত **SSC** ও **HSC** মার্কসীট, এক কপি ছবি, নিজ **WhatsApp** ও অভিভাবকের মোবাইল নম্বর
- **সত্যিকারে পূর্ণ পারিবারিক আর্থিক অবস্থা তুলে ধরে এক বা একাধিক পৃষ্ঠায় হাতে লেখা আবেদন পত্র।**

### আবেদনে থাকতে হবে নিজ হাতে লেখা নিচের ঘোষণা ও নিজ স্বাক্ষর

*"আমি ঘোষণা করছি যে, আমার আর্থিক পরিস্থিতি সম্পর্কে আমি **সম্পূর্ণ, সঠিক ও সত্য তথ্য** প্রদান করেছি। আমি **শুধুমাত্র সত্য লিখেছি;** কোনো **মিথ্যা তথ্য বা গল্প তৈরি করিনি** এবং কোনো প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ **তথ্য গোপন করিনি।***

*আমি স্বীকার করছি যে, পরিজন আমার আবেদনে কোনো **অসঙ্গতি বা ভুল তথ্য শনাক্ত** হলে তা সংশ্লিষ্ট **বিভাগীয় চেয়ারকে জানানোর** অধিকার সংরক্ষণ করে।"*

**আবেদনে আরও থাকতে হবে, শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/বিভাগীয় প্রধানের অফিস দ্বারা সত্যতা যাচাই এর পর তাঁর হাতে লেখা *উপবৃত্তি আবশ্যকতার, সুপারিশ* বা অভাব সত্যতা যাচাই এর অনিশ্চিয়তার মন্তব্য এবং স্বাক্ষর।**

**বিঃদ্রঃ প্রার্থীর প্রতারণামূলক নিঃস্বতার দাবী পরিবারের সম্মান ধ্বংস করে – তবুও কি প্রার্থী অনুভব করতে পারে আত্মমর্যাদাশীল বা একজন শিক্ষার্থী?**

১। **শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/বিভাগীয় প্রধানের সত্যায়িত শিক্ষার্থীর আবেদন পত্রে থাকবে সব আয়ের উৎস, যথা, বাবা মা, টিউশন, বৃত্তি, সংস্থা বা অন্যের সহায়তা।**

২। **সততা এর অনুরোধ, তাই মিথ্যা/সাজিয়ে লেখা আবেদন পত্র ধরতে পারলে পরিজন উপযুক্ত শিক্ষার্থীকে ও সহায়তা করে না, পরিবর্তে বিকল্প পদক্ষেপ নেয়।**

৩। **রাজনৈতিক দলের সঙ্গে জড়িত শিক্ষার্থী পরিজনে আবেদন করতে পারবে না।**

কেবল উপরের উল্লিখিত কাগজপত্র গুলি (অন্য কিছু নয়) ডাকযোগে প্রেরণ করার ঠিকানা:

**পরিচালক, পরিজন, কানিশাইল ভিলা, বাসা নং-১৩, রোড নং-৮,
ব্লক-এ, শাহজালাল উপশহর, সিলেট-৩১০০
হোয়াটসঅ্যাপ / মোবাইল: 0181 639-7555 / 0189 476-3989**

পরিজন একটি সম্পূর্ণ ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত ও পরিচালিত ফাউন্ডেশন। এর লক্ষ্য শুধু আর্থিকভাবে অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের সহায়তা করা নয়; বরং এমন শিক্ষার্থীদের খুঁজে বের করে সহায়তা করা, যারা পরিজনের মিশন ও ভিশনের প্রতি সুস্পষ্ট, প্রমাণযোগ্য ও আন্তরিক অঙ্গীকার প্রদর্শন করে, যাতে তারা নিজেদের পূর্ণ সম্ভাবনা বিকশিত করতে পারে এবং সমাজ তাদের সম্ভাব্য অবদান থেকে বঞ্চিত না হয়।

Stipend Year 2027 [Updated 1 AUGUST 2026] – Ver 1.5

একটি মানবিক সমাজ গড়ার আলোকবর্তিকা হিসেবে কয়েকজন উদ্দীপ্ত এবং বিবেকবান দাঁড়ানোর সক্ষমকারী হল পরিজন
যারা জনগণের মধ্যে এমন একটি সমাজ বোধ জাগ্রত করবে যা সবার জন্য ন্যায়বিচার এবং ন্যায্যতার মূর্ত প্রতীক

বাংলাদেশে পরিবর্তন আনার জন্য ভিন্ন ভিন্ন কৌশল প্রয়োগের সম্ভাবনা প্রদর্শনকারে
তেমন শিক্ষার্থীদের সহায়তা করতে চায় পরিজন

CamScanner